

নম্বর-৩১.০০.০০০০.০৪৬.৯৯.০২০.২০.৫১৪

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয়: সহকারী কমিশনার (ভূমি) গণের বার্ষিক মূল্যায়ন।

উল্লিখিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয় কর্তৃক সারা দেশের সকল সহকারী কমিশনার (ভূমি) দের সার্বিক কর্মকাণ্ডের ভিত্তিতে মূল্যায়ন করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

০২। অনলাইনে lams.gov.bd ওয়েবসাইট এর মাধ্যমে নম্বর প্রদানের ভিত্তিতে এ মূল্যায়ন করতে হবে;

(ক) সহকারী কমিশনার (ভূমি) দের সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ও জেলা প্রশাসক উক্ত সিস্টেমের মাধ্যমে নম্বর প্রদান করে মূল্যায়ন করবেন। প্রদত্ত নম্বরের ভিত্তিতে সিস্টেমের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে তৈরীকৃত সমন্বিত ফলাফল সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার প্রাপ্ত হবেন;

(খ) বিভাগীয় কমিশনার ও অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব) সংশ্লিষ্ট বিভাগের আওতাধীন জেলাসমূহের শ্রেষ্ঠ সহকারী কমিশনার (ভূমি) দের উক্ত সিস্টেম এর মাধ্যমে একই পদ্ধতিতে নম্বর প্রদান করে মূল্যায়ন করবেন। যার সমন্বিত ফলাফল ভূমি মন্ত্রণালয় সিস্টেমের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে প্রাপ্ত হবে;

(গ) ভূমি মন্ত্রণালয় পরবর্তীতে দেশের সেরা সহকারী কমিশনার (ভূমি) দের পুরস্কৃত করবে;

০৩। ভূমি সংস্কার বোর্ড সার্বিক বিষয়টি তদারকি করবে।

০৪। এ সংক্রান্ত একটি গাইড লাইন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা

LAMS সাপোর্ট নম্বর: আনিছা-০১৭০৭৭৫১০০১

নাবিল-০১৬৩২১৭১৪৪৫

ই-মেইল: landsupport@olivineltd.com

৩
১৭.১১.২১

(প্রদীপ কুমার দাস)

অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন)

ফোন: ৯৫৫১৫০৫

ই-মেইল: fa@minland.gov.bd

বিতরণ:

- ০১। বিভাগীয় কমিশনার (সকল).....
০২। জেলা প্রশাসক (সকল).....
০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল).....

“জাতিসংঘ পাবলিক সার্ভিস পদক ২০২০”-এ ভূমি মন্ত্রণালয় ভূষিত

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ০১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা ৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সহকারী প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অফিস কপি/মাস্টার কপি।

ক্রম	মূল্যায়নের বিষয়বস্তু		নম্বর
০১	মিস কেস ব্যবস্থাপনা	যথাযথ শুনানী যৌক্তিক সময়ের মধ্যে নিষ্পত্তি এবং নিষ্পত্তির হার	১০
০২	অনলাইন এলডি ট্যাক্স ব্যবস্থাপনা	অনলাইন LD Tax এর ডাটা এন্ট্রি এবং অনলাইন Payment এর সংখ্যা	১০
০৩	জনগণের সাথে ব্যবহার	সাধারণ জনগণ তথা সেবা গ্রহীতাদের সাথে আচরণ ইতিবাচক কি না ?	২০
০৪	অফিস ব্যবস্থাপনা	পরিষ্কার-পরিচ্ছন্নতা সেবা গ্রহীতার বসার স্থান ও টয়লেট সুবিধা রেকর্ডরুম ব্যবস্থাপনা পর্যাপ্ত আসবাবপত্র স্টাফ ম্যানেজমেন্ট অফিস সহকারীদের কাজের পরিবেশ এবং অফিসে অভিযোগ বন্ধ ও হেল্প ডেস্ক রাখা হয়েছে কিনা;	১০
০৫	অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা	'ক' তফসিলভুক্ত সম্পত্তি যথাসময়ে ইজারা নবায়ন, নবায়নের অর্থ আদায়ের হার এবং ইজারা বহির্ভূত 'ক' তালিকাভুক্ত অর্পিত সম্পত্তি বেদখল না হয় সে বিষয়ে গৃহিত ব্যবস্থা; 'খ' তালিকাভুক্ত অর্পিত সম্পত্তির নামজারির হার	১০
০৬	সেবা সহজীকরণ ও উদ্ভাবন	সেবা সহজীকরণে নতুন কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা; প্রবর্তিত ডিজিটাল সিস্টেম যথাযথভাবে ব্যবহার করছে কিনা?	১০
০৭	ই-মিউটেশন ব্যবস্থাপনা	ই-মিউটেশনে জনগণকে উদ্বুদ্ধকরণে গৃহিত পদক্ষেপ; ড্যাশ বোর্ড এর স্ক্রীন শর্ট দেখে পেভিং এর পরিমাণ ই-মিউটেশন যথাসময়ে নিষ্পত্তি; ই-মিউটেশন আবেদনগুলো ক্রমানুসারে নিষ্পত্তি; এবং ই-মিউটেশনে সেবাগ্রহীতা কোন ভাবে হয়রানির শিকার হচ্ছে কিনা;	২০
০৮	সরকারি সম্পত্তি উদ্ধার	সরকারি সম্পত্তি উদ্ধারে গৃহিত ব্যবস্থা; উদ্ধারকৃত সম্পত্তি সরকারের দখলে রাখা এবং নীতিমালা মোতাবেক ব্যবস্থাপনা গ্রহণ; এবং উদ্ধারকৃত সম্পত্তি রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হয়েছে কিনা?	১০
০৯	অনলাইন মিউটেডেট খতিয়ান, সায়রাত ও অধিগ্রহণ সংক্রান্ত ডাটা এন্ট্রি	সঠিক ও নির্ভুলভাবে ডাটা এন্ট্রির হার;	১০
১০	সততা ও সুনাম	সংশ্লিষ্ট কর্মকর্তার ভূমি সেবাসহ সার্বিক বিষয়ে সুনাম রয়েছে কিনা; কোন প্রকার হয়রানি ছাড়াই কাঙ্ক্ষিত সেবা পাচ্ছে কিনা; অভিযোগ নিষ্পত্তির জন্য সঠিকভাবে আমলে নেয়া হয় কিনা;	১০
১১	অধস্তন অফিস পরিদর্শন	প্রমাপ অনুযায়ী অধস্তন অফিস পরিদর্শন; প্রমাপের বাইরেও আকস্মিক পরিদর্শন; এবং নিজ অফিসে পরিদর্শনের সুপারিশসমূহ বাস্তবায়ন করা হচ্ছে কিনা তা মনিটরিং করছে কিনা?	১০
১২	জনবল ও সম্পদের ব্যবহার	অধস্তন কর্মকর্তা/কর্মচারীদের জনগণের সেবামুখীকরণ এবং সরকারি অফিস ভবন, ইলেক্ট্রনিক দ্রব্যাদি, যানবাহন, সরকারী বাজেট-বরাদ্দ যথাযথ সরকারি কাজে ব্যবহার; এবং সম্পদের রক্ষণাবেক্ষণ হচ্ছে কিনা;	১০
১৩	অনলাইন শুনানি	অনলাইন শুনানি এবং অনলাইন শুনানির হার	১০
১৪	করণিক ভুল, যথার্থ ভুল ও প্রতারণামূলক অন্তর্ভুক্তি সংক্রান্ত পরিপত্রের অনুশাসন বাস্তবায়নে দক্ষতা	করণিক ভুল, যথার্থ ভুল ও প্রতারণামূলক অন্তর্ভুক্তি সংক্রান্ত পরিপত্রের অনুশাসন বাস্তবায়নে পরিপত্র জারির পর+ গৃহিত/নিষ্পত্তিকৃত পদক্ষেপ;	১০